

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ মাঘ, ১৪২১ বঙ্গাব্দ/ ২৮ জানুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ১৮-আইন/২০১৫ —যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২৫ কার্তিক, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ০৯ নভেম্বর, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৬০-আইন/২০১৪ দ্বারা কুমিল্লা জেলার হোমনা পৌরসভার পৌর এলাকায় সীমানা সম্প্রসারণের লক্ষ্যে হোমনা উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়াছে, এবং উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনুর্ধ্ব এক মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

যেহেতু, উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর অধীন উত্থাপিত আপত্তি নিষ্পত্তি করিয়া সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৭৬৩)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, সরকার উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলে  
বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিল, যথা :—

**তফসিল**

ক্রমিক নং	জেলা	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫	৬
(১)	কুমিল্লা	সাবেক হোমনা (সদর) ইউনিয়ন পরিষদ	গোয়ারীভাঙ্গা	৪৮	০১—১১২৫, ১৩১৮—১৫৮১

রাষ্ট্রপতির আদেশক্রমে  
কাজী আসাদুজ্জামান  
উপসচিব।